JAN. 22 2001

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... ৬

দৈনিক ইনকিলাব

চাকরি জাতীয়করণের দাবী

# আজ থেকে ২৬ ফেব্রুয়ারী পর্যন্ত শিক্ষক সমিতির জনসংযোগ কর্মসূচী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণ ও সরকারের সাথে অশিক্ষক নেতাদের চুক্তি বাতিলের দাবীতে বাংলাদেশ শিক্ষক সমিতি আগামী ১ মার্চ শিক্ষা বোর্ডের সামনে সমাবেশ এবং স্কুল, কলেজ ও মাদ্রাসায় লাগাতার ধর্মঘট কর্মসূচী ঘোষণা করেছে। এর আগে আজ (সোমবার) থেকে ২৬ ফেব্রুয়ারী পর্যন্ত জনসংযোগ কর্মসূচী পালন করবে। কর্মসূচীর মধ্যে রয়েছে স্মারকলিপি প্রদান, জেলায় জেলায় সফর, কালো পতাকা প্রদর্শন ও কালো ব্যাজ ধারণ। গত ১৮ জানুয়ারী বাংলাদেশ শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। সমিতির সহ-সভাপতি মনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে কার্যনির্বাহী পরিষদের ৯২ জন সদস্য উপস্থিত ছিলেন।

আলোচনায় অংশগ্রহণ করেন যথাক্রমে বাশিস মহাসচিব নজরুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি জুলফা মোহাম্মদ, অতিরিক্ত মহাসচিব খলিলুর রহমান ভুঁইয়া, যুগ্ম মহাসচিব ফুরকান আহমদ, হুমায়ূন কবির, আবদুর রশিদ, আবুল কালাম আজাদ, রবীন্দ্রনাথ তালুকদার, যুগ্ম সাংগঠনিক সচিব সুলতান আহমদ, আশরাফুল কবির, মোঃ সফিউল্লাহ, মমতাজ বেগম, মিসেস ফজিলাতুন্নেছা